

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মোহনপুর, রাজশাহী।

স্মারক নং- ০৫.৪৩.৮১৫৩.০০০.০৪.০০৬.১৮- ৩৩৩৩

তারিখঃ-৩১/১০/২০১৮খ্রিঃ।


“ পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি ”

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/মোহনপুর উপজেলার বাকশিমইল মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ে “দপ্তরী-কাম-প্রহরী” পদে আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের নিমিত্ত মোহনপুর উপজেলার বাকশিমইল ইউনিয়নের বাকশিমইল মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ক্যাচমেন্ট এলাকার স্থায়ী বাসিন্দা বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে উপজেলা নির্বাহী অফিসার বরাবর (নিয়োগ কমিটির সভাপতি) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উক্ত পদে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা, প্রয়োজনীয় অভিজ্ঞতা ও অন্যান্য বিবরণ নিম্নে উল্লেখ করা হলো।

ক্রমিক নং	পদের নাম	নিয়োগযোগ্য বিদ্যালয়ের নাম	পদ সংখ্যা	সেবা মূল্য	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
০১	‘দপ্তরী-কাম-প্রহরী’	বাকশিমইল মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়, মোহনপুর, রাজশাহী।	০১ (এক)	সর্বসাকুল্যে মাসিক ১৪৪৫০/- (চৌদ্দ হাজার চারশত পঞ্চাশ টাকা) মাত্র।	০৭/১১/২০১৮খ্রিঃ তারিখে বয়স অনুর্ধ্ব ১৮ বছর এবং সর্বোচ্চ ৩০ বছর (মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর)	সর্বনিম্ন অষ্টম শ্রেণী পাশ।	

শর্তাবলী :

- আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৫(পাঁচ) কপি সত্যায়িত ছবি, ভোটার আইডি কার্ডের সত্যায়িত কপি, ইউপি চেয়ারম্যান কর্তৃক অনলাইন জন্মনিবন্ধন সনদ, চারিত্রিক ও নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি এবং প্রার্থী মুক্তিযোদ্ধা কোটায় দরখাস্ত করতে চাইলে বৈধ সনদ দাখিল করতে হবে।
- আবেদনের সাথে ৩০০/- (তিনশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট(সোনালী ব্যাংক,মোহনপুর, শাখা হতে) সংযুক্ত করতে হবে।
- প্রার্থীকে সংশ্লিষ্ট বিদ্যালয়ের ক্যাচমেন্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে ক্যাচমেন্ট এলাকার কোন প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ক্যাচমেন্ট এলাকার প্রার্থীকে বিবেচনায় নেয়া যেতে পারে।
- প্রার্থীকে নৈশ পাহারার জন্য উপযুক্ত, সাইকেল চালানায় পারদর্শী ও সুঠাম দেহের অধিকারী পুরুষ হতে হবে।
- ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।
- উল্লিখিত নির্দেশাবলী মোতাবেক আবেদন পত্র ০৭/১১/২০১৮খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালিন উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, মোহনপুর, রাজশাহীতে জমা দিতে হবে।
- সকল ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ যেকোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


(সমন্বয়-উপ-হালিম)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

দপ্তরী-কাম-প্রহরী নিয়োগ ও বাছাই কমিটি
মোহনপুর, রাজশাহী।